দৈনিক বাংলা

063

তারিখ ... ২০।১।৮০

পৃষ্ঠা ... কলাম ...

## খাম ও এ্যারোগ্রামে খাল খনন স্লোগান

স্বেচ্ছাশ্রমে দেশব্যাপী খাল খনন ও পুনঃ খনন প্রকল্পের প্রয়োজনীয়তা ও সুফল প্রচারের জন্য বাংলাদেশ ডাক বিভাগ চিঠিপত্রের উপর শ্লোগান ব্যবহার শুরু করেছে।

'খাল কাটা হলে সারা, দূর হবে বন্যা খরা'—এই শ্লোগানযুক্ত খাম ও এরোগ্রাম এখন থেকে দেশের সকল পোস্ট অফিসে পাওয়া যাবে। খবর তথ্য বিবরণীর।

## কারিগরি শিক্ষা বোর্ড

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৯৮০ সালের ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা আগামী ১৬ই জুন থেকে শুরু হবে। খবর বিজ্ঞপ্তির।